# ই-কমার্সের জন্য দরকারী টুল

আনোয়ার হোসেন

ই-কমার্সে নানা ধরনের কাজ করতে হয়। সেটা হতে পারে আপনার সাইট বানানো, রিসার্চ করা, হোস্টিং নেয়া বা বিভিন্ন ধরনের অনলাইন সেবা। এই সব কিছুর জন্য অনলাইনে কোনো না কোনো সাইট বা জায়গা আছে, যেখান থেকে সেবাগুলো নিতে পারেন। সমস্যা হলো, আপনি যদি না জানেন কোথা থেকে সেবাগুলো নিতে হবে, তাহলে খুব স্বাভাবিকভাবেই গুগল সার্চ করে হয়রান হতে হবে। কেমন হয় যদি ই-কমার্সে দরকারী টুলের একটি তালিকা করা যায়।

টুলগুলোকে কয়েকটি ক্যাটাগরিতে ভাগ করা যেতে পারে :

শপিং কার্ট
অনলাইন সার্ভিস
আউটসোর্সিং
রিসার্চ
শপিং কার্ট
ম্যাজেন্টো

সাধারণত যারা ই-কমার্স ব্যবসায়ে নিজেদেরকে ইতোমধ্যেই শক্ত ভিতের মধ্যে নিয়ে গেছেন, তারা ম্যাজেন্টো (http://www.magentocommerce.com/) ব্যবহার করতে পারেন। এর যেমন অনেক শক্তিশালী সব ফিচার আছে, তেমনি এটিকে বেশ জটিল একটি সিএমএস-ও বলা যেতে পারে। যারা ই-কমার্সে নতুন তাদের ম্যাজেন্টোতে না যাওয়াই ভালো। আপনি যদি সিএমএসে আগে থেকেই ভালো ধারণা রাখেন অথবা আপনার সিএমএস ব্যবস্থাপনার জন্য পর্যাপ্ত বাজেট থাকে, তবে ম্যাজেন্টোতে যেতে পারেন। এটা শেখা বেশ কঠিন। আর এটি রিসোর্স হাংরি হিসেবেও পরিচিত। আপনি যদি ভালো গতিতে কাজ করতে চান, তবে গুণগত মানের ওয়েব হোস্টের জন্য পয়সা খরচ করতে হবে। এসব কারণে নতুনদের জন্য এই সিএমএস উপযোগী নয়।

## শপিফাই

নতুনদের জন্য শপিফাই (https://www.spotify.com) অনেক বেশি সহজ ও কার্যকর। যদি সার্ভার বা কোডিং সম্পর্কে তেমন কিছু না জানেন, তাহলে আপনার জন্য শপিফাই অনেক বেশি উপযোগী। এর মাধ্যমে সেসব না জেনেও আপনার অনলাইন স্টোরটি শুরু ও ব্যবস্থাপনা করতে পারেন। ব্যবসায়ের শুরুতে শপিফাইকে বেছে নিতে পারেন। তবে যখন আপনার ব্যবসায় বাড়তে থাকবে, তখন ফিচারসমৃদ্ধ কাস্টোমযোগ্য সলিউশন বেছে নিতে পারেন। তবে নিজের ব্যবসায়কে শক্ত একটি ভিতের ওপর দাঁড় না করিয়ে শপিং কার্টের জন্য অর্থ বিনিয়োগ না করাই ভালো।

ব্যবসায়ের শুরুর দিকে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলো হচ্ছে ভালো একটি নিস বাছাই () করা, ক্রেতাদেরকে বোঝার চেষ্টা করা, ক্রেতাদের চাহিদা বোঝার চেষ্টা করা এবং ব্যবসায়ের প্রচারের জন্য মার্কেটিংয়ের খুঁটিনাটি বোঝা। এগুলো ভালোভাবে আয়ত্ত করা, অনেক ফিচারসহ অভিনব কোনো শপিং কার্ট বেছে নেয়ার চেয়ে গুরুত্বপূর্ণ। এ কারণেই শুরুর দিকে ই-কমার্স ব্যবসায়ের জন্য শপিফাইকে বেছে নিতে পারেন। এতে আপনি স্টোরকে দ্রুত অনলাইনে নিয়ে আসতে পারবেন। যেহেতু এটি ব্যবহারে আপনাকে তেমন ঝামেলা পোহাতে হবে না বা খুব বেশি সময় দিতে হবে না, তাই ব্যবসায়ের অন্য সব গুরুত্বপূর্ণ বিষয়গুলোতে অনেক বেশি সময় দিতে পারবেন।

## ওপেন কার্ট

আরও বেশি নিয়ন্ত্রণ ও কাস্টোমাইজেশনের জন্য যদি নিজের স্টোরটিকে হোস্ট করতে চান, তবে ওপেন কার্ট (http://www.opencart.com/) হতে পারে দারুণ এক সমাধান। তবে কথা থাকে, আপনি অবশ্যই ম্যাজেন্টোর মতো রিসোর্স হাংরি, জটিল কিছু চাইতে পারবেন না। ওপেনসোর্স পিএইচপি পাওয়ারড শপিং কার্ডগুলোর মাঝে এটি অন্যতম। এটি বেশ সাদামাটা, পরিষ্কার, একই সাথে এর আছে দারুণ সব ফিচার। এ ক্ষেত্রে আরও অনেক কিছুই বেছে নিতে পারেন। যেমন- ওএস কমার্স, এক্স-কার্ট এবং জেন্ড কার্ট। তবে এগুলোর মধ্যে ওপেন কার্ট সবচেয়ে এগিয়ে।



## ই-কমার্স ওয়েব সার্ভিস জেন ডেস্ক

এটিকে (http://www.zendesk.com/) আপনার সাইটের কাস্টোমারদের সব ধরনের সার্ভিস ভাণ্ডার বলা যেতে পারে। আর এর খুব ভালো একটি ফিচার হলো আপনি এটিকে নিজের মতো করে সাজিয়ে নিতে পারবেন। যেমন- আপনার সাইটে অনেক সময়ই কাস্টোমারেরা বিভিন্ন পণ্য বা সেবা সম্পর্কে জানতে চায় বা বিভিন্ন বিষয়ে তাদের জিজ্ঞাসা থাকে। এরকম ক্ষেত্রে আপনি সাধারণ কিছু জিজ্ঞাসা বা কোয়েরি অটোমেটেড রিপ্লাই বানিয়ে নিতে পারবেন অথবা কোনো নির্দিষ্ট বিষয়ে কোনো নির্দিষ্ট এজেন্ট নিয়োগ করতে পারেন বা আপনার টিমের সাথে একজন কাস্টোমারের আলাপচারিতার সব ইতিহাস চিহ্নিত করতে পারেন। তাদের কাস্টোমার সাপোর্টও খুব চমৎকার।

## এওয়েবার

এটি (http://www.aweber.com/) অনলাইনে সবচেয়ে জনপ্রিয় ই-মেইল মার্কেটিং সেবাগুলোর একটি। এ সেবা ব্যবহার করতে পারেন আপনার ই-কমার্স সাইট বা ব্লগে। তাদের কাস্টোমার সাপোর্ট ভালো। এর রয়েছে অসাধারণ সব ফিচার এবং দামও যৌক্তিক পর্যায়ে।

## পেডি অ্যাক্ট

ভিজিটরদের লিড বা ক্রেতায় পরিণত করতে না পারলে ই-কমার্সে সফলতা আসবে না। পেডি অ্যাক্ট (http://padiact.com/) ঠিক এই কাজটি করতে সাহায্য করে। এরা মূলত সঠিক ভিজিটরদের টার্গেট করে অনেক বেশি ই-মেইল লিড এবং সাবস্ক্রাইবার এনে দেয়ার কাজটি করে থাকে। সঠিক ভিজিটর টার্গেট করা খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয়। যেমন- আপনি যদি একজন ছেলে ভিজিটরের কাছে মেয়েদের প্রসাধনী বিক্রি করতে চান বা একজন মেয়ে ভিজিটরকে টার্গেট করেন ছেলেদের পোশাক বিক্রি করতে, তবে একথা বলাই যায়, আপনার সফল হওয়ার সম্ভাবনা খুবই কম থাকবে। পেডি অ্যাক্ট সঠিক ভিজিটরদের টার্গেট করে তাদের ব্যবহারকারীদের জন্য ৩ মিলিয়নের বেশি লিড এবং সাবস্ক্রাইবার সংগ্রহ করেছে।

## আসানা

ই-কমার্স ব্যবসায়ে যদি আপনার একাধিক বড় প্রজেক্ট থাকে, অনেক ব্যক্তিগত কাজ থাকে, যেগুলো প্রতিদিন সম্পন্ন করতে হয়, তবে খুব স্বাভাবিকভাবেই এত প্রজেক্ট আর কার্যতালিকা সামলাতে আপনাকে হিমশিম খেতে হয়। এ ব্যাপারে আপনাকে সাহায্য করতে পারে আসানা। এটি (http://www.asana.com/) সব বড় প্রজেক্ট এবং কাজের তালিকাকে একসাথে করে আপনার কাজে গতি এনে দিতে সাহায্য করবে। এর ফলে আপনার দল থাকবে সংগঠিত। আর সব কাজ তাদের গুরুত্ব অনুসারে করতে পারবেন। এর খুব সুন্দর একটি ইন্টারফেস রয়েছে। যেহেতু এটি ব্যবহারে আপনাকে কোনো অর্থ খরচ করতে হবে না, তাই এর মাধ্যমে বাড়িয়ে নিতে পারেন আপনার ব্যবসায়। এটি ৩০ বা তার কমসংখ্যক কর্মী আছে এমন ব্যবসায়ের জন্য আদর্শ।

## এসইও মস

এটি (https://moz.com) যেহেতু বিনামূল্যের নয়, তাই ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য উপযোগী নয়। তবে যারা মাসে ৯৯ ডলার ব্যয় করতে সক্ষম হবেন, তারা এটি ব্যবহার করে দেখতে পারেন। এর প্রো মেম্বারশিপ নিলে আপনি এসইওর জন্য বিভিন্ন ধরনের অনেক টুল ব্যবহারের সুযোগ পাবেন, যেগুলো আপনাকে ব্যবসায়ের গভীরে নিয়ে যাবে, যেখান থেকে আপনি এমন সব তথ্য পাবেন, যেগুলো আপনাকে ব্যবসায় বাড়িয়ে দেয়ার জন্য গুরুত্বপূর্ণ সব সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।

*ফিডব্যাক : hossain.anower009@gmail.com*